ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২০২

আগরতলা, ১৮ অক্টোবর, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

‘মধ্যপ্রদেশের মারণ সিরাপ ত্রিপুরায় ছড়িয়ে লাখে লাখে’ শিরোনামে ১০-১০-২৫ তারিখে ‘প্রতিবাদী কলম’- পত্রিকায় প্রকাশিত সংবাদ সম্পর্কে এক স্পষ্টীকরণ দিয়ে উত্তর জেলার পুলিশ সুপার জানিয়েছেন যে, সংবাদে উল্লিখিত তথ্যের সত্যতা খুঁজে পাওয়া যায়নি। জেলার কোন থানায় বেআইনী কোল্ডরিফ কফ সিরাপ বিক্রির অভিযোগ আসেনি। ওষুধের উপাদান বা গুণমান পরীক্ষা করা, ওষুধের মজুত পরিদর্শন করা, ডিলারদের মধ্যে বন্টন করা ইত্যাদি দেখার দায়িত্ব ড্রাগ কন্ট্রোলার/ড্রাগ ইনস্পেক্টরের। তথাপি নেশামুক্ত ত্রিপুরা গড়ার লক্ষ্যে উত্তর ত্রিপুরা জেলায় পুলিশ নিয়মিতভাবে ড্রাগ ব্যবহারকারী ও ব্যবসায়ীদের বিরুদ্ধে অভিযান চালিয়ে যাচ্ছে। জেলার বিভিন্ন নাকা পয়েন্টে ও নিয়মিতভাবে যানবাহনের চেকিং চলছে। তেমনি আই এস বি টি এবং ট্রেনেও তল্লাশি চালানো হচ্ছে। আন্তঃরাজ্য ও আন্তর্জাতিক স্তরে নেশাদ্রব্য ও অনুপ্রবেশকারীদের যাতায়াতে নিয়ন্ত্রণ রাখার জন্য গোয়েন্দা তথ্য আদান প্রদান করা হচ্ছে। তাছাড়া, ‘প্রয়াস’ কর্মসূচির আওতায় ছাত্রছাত্রী ও যুব সম্প্রদায়ের মধ্যে নেশাদ্রব্য সম্পর্কে সচেতনতা সৃষ্টি করা হচ্ছে।

*****